# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০২৫/ ১৪৩৮৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে বশিরাবাদ দাওয়াতুল ইসলাম আলিম মাদরাসা, ডাকঘরঃ খড়খড়ি, উপজেলাঃ পবা, জেলাঃ রাজশাহী (BASHIRABAD DAWATUL ISLAM ALIM MADRASAH (EIIN-126915, CODE-12368) এর অধ্যক্ষের ০৬.০৩.২০২৪ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধারা-১৩ এর-ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ১১.০৩.২০২৫ খ্রি. থেকে ১০.০৩.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহঃ**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর এর কার্যক্রম চালু হবে।
২. মূল কিতাবের মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৩. প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে উপরের শ্রেণিসমূহে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং পাবলিক পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক পর্যায়ে বৃদ্ধি করতে হবে।
৪. ফাজিল (স্নাতক) বি.এ স্তরে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করতে হবে।
৫. মাদরাসার সকল শিক্ষক ও কর্মচারীর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৬. লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ তৈরি করতঃ ফাজিল স্তরে বিষয়ভিত্তিক রেফারেন্স বই থাকতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে আরো ৫০ (পঞ্চাশ) টি করে নতুন বই ক্রয় করতে হবে।
৭. মাদরাসার যাবতীয় আয়-ব্যয়, ক্রয়, সংগ্রহ সরকারি বিধি-বিধান মোতাবেক পরিচালনা করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের সংবিধি মোতাবেক বার্ষিক বাজেট নির্ধারণ করে ফাইল নোটের মাধ্যমে আর্থিক বিষয়াদির অনুমোদন নিতে হবে।
৮. কম্পিউটার ল্যাবের ব্যবস্থা করে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে এবং বিজ্ঞানাগার আধুনিকায়ন ও বিজ্ঞান বিভাগের ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
৯. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

১১/৩/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
বশিরাবাদ দাওয়াতুল ইসলাম আলিম মাদরাসা
ডাকঘরঃ খড়খড়ি, উপজেলাঃ পবা, জেলাঃ রাজশাহী।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০২৫/ ১৪৩৮৬ (৮)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, বশিরাবাদ দাওয়াতুল ইসলাম আলিম মাদরাসা, ডাকঘরঃ খড়খড়ি, উপজেলাঃ পবা, জেলাঃ রাজশাহী।
৮। অফিস নথি।

১১/০৩/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৬৩৩-১৩৮২৭৩